

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.১৬

তারিখ: ৩০ মাঘ ১৪২৮

১৩ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: কনটেম্পট পিটিশন নং- ৩২৭/২০২১ (রিট পিটিশন নং- ৬৪৬৯/২০১১ হতে উদ্ভূত) মামলা  
পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: জহুরুল হক, প্রভাষক (ইংরেজী), ডিমলা ইসলামিয়া ডিগ্রী কলেজ, ডিমলা, নীলফামারীএর বেতনভাতার সরকারি অংশ প্রদান এবং বকেয়া প্রদান করার জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ৬৪৬৯/২০১১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং- ৬৪৬৯/২০১১ মামলায় গত ০৭/১০/২০১২ তারিখে নিম্নরূপ রায় প্রদান করেন;

“Accordingly, the impugned Memo No. ৭জি/১১১৪(ক-৩)/০৬/৫৯৯৭/২ date 08.04.2010 issued under the hands of respondents No. 3 refusing to settle the petitioner’s enlistment in the Monthly Pay Order (MPO) is declared to have been issued without lawful authority and is of no legal effect. The respondent Nos.1-9 are also directed to settle the index number of the petitioner for the Monthly Pay Order (MPO) and to pay the Petitioner’s arrear MPO with effect from 14.10.2004 with three months from receipt of the copy of this judgment and order”.

রিট পিটিশন নং- ৬৪৬৯/২০১১ মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩২৭/২০২১ দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৮ (আট) জন-কে বিবাদী করা হয়েছে।

এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং- ৩২৭/২০২১ (রিট পিটিশন নং- ৬৪৬৯/২০১১ হতে উদ্ভূত) মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে ১নং বিবাদী করা হয়েছে সেহেতু সচিব মহোদয়ের পক্ষে নিম্নোক্ত বর্ণনার আলোকে ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) কনটেম্পট পিটিশন নং-৩২৭/২০২১ (রিট পিটিশন নং-৬৪৬৯/২০১১হতে উদ্ভূত)মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।



১৩-২-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.১৬/১(৪)

তারিখ: ৩০ মাঘ ১৪২৮

১৩ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৩-২-২০২২

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব